

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮০৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ে পছন্দের স্বাধীনতা (অবকাশ থাকা)

আরবী

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْبَيِّعَانِ بِالْخِيَارِ مَا لَمْ يَتَفَرَّقَا إِلَّا أَنْ يَكُونَ صَفْقَةَ خِيَارٍ وَلَا يَحِلُّ لَهُ أَنْ يُفَارِقَ صَاحِبَهُ خَشْيَةَ أَنْ يَسْتَقِيلَهُ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاؤُد وَالنَّسَائِيِّ

বাংলা

২৮০৪-[8] 'আমর ইবনু শু'আয়ব হতে বর্ণিত। তিনি তার পিতার মাধ্যমে দাদা হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ক্রেতা বিক্রেতা একে অপর থেকে পৃথক হওয়ার পূর্ব পর্যন্ত উভয়ের জন্য (ক্রয়-বিক্রয় প্রত্যাখ্যান করার) অবকাশ থাকবে। তবে যদি অবকাশের শর্তে বিক্রয় হয়ে থাকে তবে ভিন্ন কথা। ক্রয়-বিক্রয় প্রত্যাখ্যান হয়ে যায় কিনা- এ আশঙ্কায় ক্রেতা ও বিক্রেতা উভয়ে একে অপর হতে দ্রুত পৃথক হওয়া ঠিক নয়। (তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩৪৫৬, নাসায়ী ৪৪৮৮, তিরমিয়ী ১২৪৭, আহমাদ ৬৭২১, ইরওয়া ১৩১১, সহীহ আল জামি' ৬৬৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يَحِلُّ لَهُ أَنْ يُفَارِقَ صَاحِبَه خَشْيَةَ أَنْ يَسْتَقِيلَه) "বেচা-কেনার চুক্তি বাতিল করার দাবী করতে পারে-এই ভয়ে মাজলিস থেকে চলে যাওয়া কারো জন্য বৈধ নয়" এ হাদীস প্রমাণ করে যে, يفارق দ্বারা উদ্দেশ্য হলো মাজলিস পরিত্যাগ করা। অর্থাৎ বেচা-কেনার চুক্তি সম্পাদন হওয়ার পর তা কোনো একপক্ষ বাতিল করতে পারে এই ভয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্রেতা-বিক্রেতাকে মাজলিস পরিত্যাগ করতে নিষেধ করেছেন। এ থেকে জানা গেল যে, মাজলিস ত্যাগ করার পূর্ব পর্যন্ত এ চুক্তি ভঙ্গ করার অধিকার রয়েছে। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২৪৭)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন